দৈনিক ইনকিলাব

JUL 12 1998

তারিখ ... JUL 13 1998
পৃষ্ঠা ৮ কলাম

# ছাত্রলীগারদের গ্রুপবাজি ঃ সশস্ত্র মহড়াঃ ক্যাম্পাসে টান টান উত্তেজনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ছাত্রলীগের আভ্যন্তরীণ কোন্দলকে কেন্দ্র করে সৃষ্ট ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা এখনো কমেনি। গতকাল (মঙ্গলবার) ক্যাম্পাসের হলগুলোতে ছাত্রলীগের বিভিন্ন গ্রুপের ক্যাডারদের সমস্ত্র মহড়া দিতে দেখা যায়। হলগুলোতে ক্যাডারদের আনাগোনাও বৃদ্ধি পেয়েছে। এসএম হলে ছাত্রলীগের মাদারীপুর-শরীয়তপুর গ্রুপ ও তাদের প্রতিপক্ষ বাগেরহাট গ্রুপের নেতাকর্মীরা মুখোমুখি অবস্থান নিয়েছে। হলে টান টান উত্তেজনা বিরাজ করছে। গত সোমবার গভীর রাতে মাদারীপুর গ্রুপের ক্যাডাররা হল সভাপতি রেজার রুম লক্ষ্য করে এক রাউন্ড গুলী ছোঁড়ে। এ ব্যাপারে রেজা গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের নিকট একটি লিখিত অভিযোগনামা পেশ করেন।

এদিকে ক্যাম্পাসে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার লড়াইকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে বহিরাগত ও আগ্নেয়াস্ত্র আমদানী বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে জিয়া হলের বেশ কয়েকটি রুমে লালবাগ এলাকা থেকে আগত বহিরাগত সন্ত্রাসীরা অবস্থান করছে বলে হল সূত্রে জানা গেছে। এছাড়া হল শাখার সহ-ক্রীড়া সম্পাদক আব্দুল কাদের গতকাল একটি বিদেশী অস্ত্র কিনে আনে।

বাস ডিপো থেকে বোমা উদ্ধার
৩ এর পৃঃ ২-এর কঃ দেখুন

## ক্যাম্পাসে উত্তেজনা

৮-এর পৃষ্ঠার পর

পুলিশ গতকাল সকালে গোপন সূত্রে খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বিল্ডিং সংলগ্ন বাস ডিপো থেকে দু'টি তাজা বোমা উদ্ধার করে। বোমা দু'টি ঢাকা-চ-২৮৩৩ নম্বরের একটি পরিত্যক্ত বাসের নীচে পাওয়া যায়। রমনা থানা পুলিশ বোমাগুলো উদ্ধার করে নিয়ে যায়।